

## ভর্তির জন্য ১০ম নির্বাচন বিজ্ঞপ্তি এবং ট্রান্সফার ও অপেক্ষমান তালিকা

বিজ্ঞান, জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি ও প্রকৌশল অনুষদ-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে ১০ম নির্বাচন তালিকা প্রকাশ করা হল। এ ছাড়াও শূন্য আসন ও পছন্দক্রম অনুসারে বিভাগ পরিবর্তন (ট্রান্সফার) সহ হালনাগাদ অবস্থান তালিকা প্রকাশ করা হল। অপেক্ষমান ভর্তিচ্ছুগণ নিজ বিভাগওয়ারী অবস্থান অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে লগ-ইন করে দেখে নিতে পারবেন।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ১৫-০১-২০২০ সকাল ১০টা থেকে দুপুর ১২টার মধ্যে অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ভর্তি সম্পন্ন করে প্রকৌশল অনুষদে (ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন, কক্ষ নম্বর ৪১২) উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্বাচিত ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না।

আসন শূন্য থাকা সাপেক্ষে পপুলেশন সায়েন্স এ্যান্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট বিভাগে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের মধ্য থেকে দুপুর ১:০০ এর মধ্যে ১১তম নির্বাচন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামীকাল ১৫-০১-২০২০ দুপুর ৩:০০ থেকে ৪:৩০ এর মধ্যে অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ভর্তি সম্পন্ন করে অনুষদে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

যাদের বিভাগ পরিবর্তন (মাইগ্রেশন) করা হয়েছে তাদের এ জন্য কিছু করতে হবে না।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)। অনলাইন ভর্তিফর্ম পূরণ সংক্রান্ত কারিগরী সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

আরো উল্লেখ্য যে, সময়সীমা বৃদ্ধি না হলে বিশ্ববিদ্যালয়ের ভর্তির নির্ধারিত সময়সীমা ১৫ জানুয়ারি শেষ হতে চলেছে। সেক্ষেত্রে এটিই হবে শেষ তালিকা।

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

১. অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (১৫-০১-২০১৯ সকাল থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে।
২. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,০৩৫.০০ (পাঁচ হাজার পঁয়ত্রিশ) টাকা জমা দিতে হবে। টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> তে online admission guideline থেকে জানা যাবে।
৩. সকাল ১১টা থেকে দুপুর ১টার মধ্যে এবং দুপুর ৩:৩০ থেকে ৪:৩০ এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রকৌশল অনুষদ অফিস (কক্ষ নং ৪১২, ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন)-এ উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
  - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
৪. কাগজপত্র সন্তোষজনক হলে, স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও ১,০০০.০০ টাকা (এক হাজার টাকা) নগদইউনিট অফিসে জমা দিতে হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলভ্রান্তি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪ জানুয়ারি, ২০২০

প্রফেসর ড. মো. একরামুল হামিদ

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, প্রকৌশল অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়